

জেগে উঠোন শুভ বুদ্ধির মানুষেরা নন্দিনী হোসেন

অধ্যাপক হৃমায়ুন আজাদের প্রতি অশুভ শক্তির আক্রমনের খবর জেনে
ঘূনায়, লজ্জায়, ধিক্কারে কুঁকড়ে গেছে আমার মন, আমুল নাড়া খেয়ে গেছে আমার
সমগ্র স্বত্ত্বা হাত পা কাঁপতে শুরু করেছিল অক্ষম এক ত্রেণাধে ! মনে হয়েছিল কত
অসহায় এই আমি, আমরা ! আমাদের ত্রেণাধ, লজ্জা, ঘূনা যেন বাংলার আকাশে
বাতাসে মতিত হয়ে ফিরছে প্রশ্ন আজ একটাই, এই দেশ কি আমাদের, নাকি এই
সব যোদ্যাপোরাধী কতিপয় দস্যদের ? এদের বুকে এত সাহস কি করে হয়, তা
আজ আমাদের কারোর ই জানতে বাকি নেই ! একদিন যারা এই দেশের ই অস্তিত্ব
অস্বীকার করেছিল, আজ তারাই সগৌরবে বাংলার ক্ষমতার সিংহাসনে আসীন
! একটা জাতির জন্য এর চেয়ে বড় লজ্জার আর আছে কি ? এদের মত পদ ভারে
বাংলা আজ দুমড়ে মুচড়ে নীল বর্ণ ধারণ করেছে আমরা কি শুধুই তাকিয়ে তাকিয়ে
দেখব ? কোথায় সেই সব শুভ-বুদ্ধির মানুষেরা ? আর দেরি নয়, সারা দেশ, জাতি
আজ আপনাদের দিকে তাকিয়ে আছে। জেগে উঠুন, আপনাদের দোহাই এবার
একবার জেগে উঠুন সব ভেদাভেদ ভুলে !

ভাষার সীমাবদ্ধতা অতিক্রম করে আমার প্রতিক্রিয়া সঠিক ভাবে জানাবো এমন
ক্ষমতা আমার নেই। আমি শুধু এই সব পাপীদের শাস্তির দাবি জানাই, চরম শাস্তি
! বাংলার ভূমি এদের পাপ আর সহ্য করতে পারছে না। বাংলার আকাশ, বাতাস
চিৎকার করে বলছে না, না, না!

অধ্যাপক হৃমায়ুন আজাদের দ্রুত আরোগ্য কামনা করছি।